# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 13-05-2025 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্পষ্ট জানিয়েছেন, পাকিস্তানে এমন কোনো জায়গা নেই, যেখানে সন্ত্রাসবাদীরা স্বস্তিতে থাকতে পারবে।

তিনি পাঞ্জাবের আদমপুরে বায়ুসেনার ঘাঁটিতে সেনাদের সঙ্গে মত বিনিময় করছিলেন।

২) বিদ্যুতের বিপুল চাহিদা বৃদ্ধির কথা মাথায় রেখে রাজ্য সরকার নতুন শক্তি নীতি তৈরি করতে চলেছে।

৩) রাজ্যে আগামী পয়লা জুন থেকে সর্বত্র ট্রাফিক আইন লঙ্ঘনের ক্ষেত্রে সংযোগ পোর্টালের ব্যবহার বাধ্যতামূলক করা হচ্ছে।

৪) সিবিএসই আজ দ্বাদশ এবং দশম শ্রেণীর পরীক্ষার ফল ঘোষণা করেছে। এবারেও দশম ও দ্বাদশে মেয়েরা ছেলেদের তুলনায় এগিয়ে।

৫) দক্ষিণ বঙ্গোপসাগর, নিকোবর দ্বীপপুঞ্জ এবং সংলগ্ন আন্দামান সাগর এলাকায় আজ দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করেছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্পষ্ট ভাষায় জানিয়েছেন, পাকিস্তানে এমন কোনো জায়গা নেই, যেখানে সন্ত্রাসবাদীরা স্বস্তিতে থাকতে পারবে। পাঞ্জাবের আদমপুরে বায়ুসেনার ঘাঁটিতে সেনাদের সঙ্গে মত বিনিময়ের সময় কড়া ভাষায় তিনি পাকিস্তানকে হুঁশিয়ারি দিয়ে বলেন, সেদেশের জঙ্গি ঘাঁটিগুলিকে ধ্বংস করার ক্ষমতাই, অপারেশন সিন্দুর-এর সাফল্যে প্রমাণিত। তিনি বলেন, ভারত ৯-টি জঙ্গি শিবির ধ্বংস করে দিয়েছে। একশোরও বেশি সন্ত্রাসবাদীকে হত্যা করেছে।

(বাইট)

ভারতীয় সশস্ত্র বাহিনী পাক মদতপুষ্ট জঙ্গিদের সমূলে উৎখাত করতে সক্ষম হয়েছে। পাকিস্তান এখন বুঝতে পেরেছে, নিরীহ মানুষের রক্তপাতের একটাই মাত্র পরিনাম, তা হলো ধ্বংস এবং সম্পূর্ণ ধ্বংস। দেশের সশস্ত্র বাহিনীর পরাক্রমের প্রশংসা করে প্রধানমন্ত্রী আরও বলেন, অপারেশন সিন্দুর দেশের ঐক্য সুদৃঢ় এবং দেশের নিরাপত্তাকে সুনিশ্চিত করতে বিশেষ ভূমিকা নিয়েছে। দেশের সম্মান-মর্যাদা এবং গর্বকে এক নতুন উচ্চতায় তুলে দিয়েছে ভারতের সশস্ত্র বাহিনী। এবারের অভিযানে শুধু

জঙ্গীদের ঘাঁটি ধ্বংস করা হয়নি, তাদের চক্রান্তও ভেঙে দেওয়া হয়েছে। ভারত মাতাকি জয় হল, প্রতিটি সৈনিকের সংকল্প বিজয়। তাঁরা দেশের জন্য জীবন উৎসর্গ করতেও প্রস্তুত।

শ্রী মোদী বলেন, ভারতের বায়ু সেনা আধুনিক প্রযুক্তির সাহায্যে মাত্র ২০-২৫ মিনিটের মধ্যেই সীমান্ত পেরিয়ে নির্দিষ্ট লক্ষে আঘাত হেনে চূড়ান্ত পেশাদারি মনোভাবের পরিচয় রেখেছে।

বাইট

---------------------

পাকিস্তান যত দিন না আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদে মদত দেওয়া বন্ধ করছে ততদিন সিন্ধু জল চুক্তি কার্যকর করাও স্থগিত থাকছে বলে বিদেশমন্ত্রকের তরফে জানানো হয়েছে। আজ নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল আরও জানিয়েছেন, জম্মু ও কাশ্মীরের ব্যাপারে ভারতের দীর্ঘদিনের অবস্থান সর্বজন বিদিত এবং ভারত ও পাকিস্তান দ্বিপাক্ষিকভাবে এই সমস্যা নিয়ে আলোচনা করবে।

---------------------

বিদ্যুতের বিপুল চাহিদা বৃদ্ধির  কথা মাথায় রেখে রাজ্য সরকার নতুন শক্তি নীতি তৈরি করতে চলেছে। বিদ্যুৎ ক্ষেত্রে ভবিষ্যৎ পরিকল্পনার রূপরেখা স্থির করতে একটি কৌশলগত পরিকল্পনা ইউনিট  গঠন করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ওই ইউনিট গত পাঁচ বছরে রাজ্যের বিদ্যুৎ খাতে গৃহীত প্রকল্পগুলির মূল্যায়ন ও পর্যালোচনার কাজও করবে।বিদ্যুৎ দফতর সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ, ২০৩১-৩২ অর্থ বছরে রাজ্যে  সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদা ২০ হাজার ৭৭০ মেগাওয়াট এবং ২০৩৪-৩৫ সালের মধ্যে তা আরও বেড়ে  ২৪ হাজার ৭৫৭ মেগাওয়াট হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে। এই চাহিদা মেটাতে  কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বর্তমান সময়ের ৮ হাজার ২৪৪ মেগাওয়াট থেকে বাড়িয়ে ২০৩৪-৩৫ সালের মধ্যে ১৪ হাজার ১৪৮ মেগাওয়াট করা হবে। ফলে, আগামী দশ বছরে ৫ হাজার ৯০৪ মেগাওয়াট অতিরিক্ত ক্ষমতা যোগ করতে হবে।

এই ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে চারটি নতুন কয়লাভিত্তিক বিদ্যুৎ প্রকল্প গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। এর মধ্যে একটি বড় ১,৬০০ মেগাওয়াটের গ্রিনফিল্ড প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে এবং বাকি প্রকল্পগুলি বর্তমানে পরিকল্পনার পর্যায়ে রয়েছে।

---------------------

ল্যাম্পপোস্ট থেকে বিদ্যুৎস্পৃষ্ট হওয়ার বিপদ এড়াতে মহানগরীর বাতি স্তম্ভগুলিকে pvc সিট দিয়ে মুড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কলকাতা পুরসভা। প্রতি বছরই বর্ষার সময় শহরের বাতিস্তম্ভ থেকে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মত্যুর ঘটনা ঘটয়ে থাকে। পিভিসি সিট গুলি বিদ্যুত্ পরিবাহী না হওয়ায়, বর্ষাকালে বাতিস্তম্ভের সংস্পর্শে এলেও তড়িদাহত হওয়ার আশঙ্কা থাকবে না। পুরসভার বিদ্যুৎ ও আলো বিভাগ সূত্রে আরো জানানো হয়েছে যে, পোস্টগুলির ৭ ফুট উচ্চতা পর্যন্ত পিভিসি সিট ঢেকে দেওয়া হবে। শহরে যে সমস্ত জায়গায় বেশি জল জমে সেই এলাকাগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে। তিন লক্ষ ল্যাম্পপোস্ট এই প্রকল্পের আওতায় আনা হবে, আনুমানিক খরচ পড়বে ১৮ কোটি টাকা। আগামী ১৫ই মে থেকে এই কাজ শুরু হবে।

---------------------

রাজ্যে আগামী পয়লা জুন থেকে ট্রাফিক আইন লঙ্ঘনের জন্য আর হাতে লেখা কাগজের চালান কাটা যাবে না। এবার থেকে এই ক্ষেত্রে সংযোগ পোর্টাল ব্যবহার বাধ্যতামূলক করা হচ্ছে। এই পোর্টালের মাধ্যমে অনলাইনে চালান জারি ও জরিমানা মেটানোর প্রক্রিয়া সম্পন্ন হবে। রাজ্যের সব আইন প্রয়োগকারী সংস্থা ও পরিবহন দপ্তরকে এই পদ্ধতিতে কাজ করতে হবে বলে রাজ্য সরকার জানিয়েছে। পরিবহন সূত্রে সৌমিত্র মোহন সম্প্রতি একটি নির্দেশিকায় পশ্চিমবঙ্গ পুলিশ, কলকাতা পুলিশ এবং

পরিবহন দপ্তরকে পোর্টালটি ব্যবহার বাধ্যতামূলক করার নির্দেশ দেন। তিনি জানিয়েছে, এবার থেকে গাড়ির মালিকরা ট্রাফিক নিয়ম ভাঙলে এসএমএস-এর মাধ্যমে চালান পাবেন এবং অনলাইনেই জরিমানা মেটাতে পারবেন।

---------------------

মুড়িগঙ্গা নদীর ওপর প্রস্তাবিত গঙ্গা সাগর সেতুর ওপর অধিগৃহীত জমির মালিকদের হাতে আজ দ্বিতীয় দফার চেক তুলে দেওয়া হয়েছে। কাকদ্বীপ বিডিও অফিস থেকে ৮ জন জমি মালিকের হাতে ৪০ লক্ষ টাকার চেক দেওয়া হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী, প্রাক্তন বিধায়ক মন্টুরাম পাখিরা, বিডিও এবং পঞ্চায়েত সমিতির সভপাতি।

এর আগে প্রথম দফায় সাগর বিডিও অফিস থেকে ৮ জন জমিদাতাকে ২৯ লক্ষ টাকার চেক তুলে দিয়েছিলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিম হাজরা। তিনি জানিয়েছেন, এই সেতুর টেন্ডার প্রক্রিয়া শেষের পথে।

---------------------

আগামী ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসের আগে রাজ্যে ৫০০ টি  নতুন কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র চালু হচ্ছে। রাজ্য  পঞ্চায়েত দফতর  সূত্রে জানা হয়েছে জেলায় জেলায় এই ইউনিটগুলি  তৈরি হলেও এখনও সেগুলির কাজ শুরু হয়নি। নির্ধারিত

সময়সীমার মধ্যেই ওই সব ইউনিট চালু করতে হবে বলে জেলাগুলিকে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে। যাঁরা এই কেন্দ্র পরিচালনা করবেন, তাঁদের বিশেষ প্রশিক্ষণ দিতেও বলা হয়েছে। রাজ্যে প্রায় আড়াই হাজার কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র তৈরি হয়েছে। ধাপে ধাপে দু-হাজার কেন্দ্রে ইতিমধ্যেই কাজ শুরু হয়েছে, বাকিগুলিও দ্রুত চালু হয়ে যাবে।

----------------------

FM Rainbow প্রচার তরঙ্গে আগামীকাল সকাল ৭ টা থেকে আগের মতই শুরু হচ্ছে ঘন্টায় ঘণ্টায় হেডলাইন। আগের মতই রাত ৯ টা পর্যন্ত এই হেড লাইন প্রচারিত হবে। এছাড়া সংবাদ প্রচারের সময়ের ক্ষেত্রে যে পরিবর্তন করা হয়েছিল তাও আগামীকাল থেকে স্বাভাবিক সূচি অনুযায়ী প্রচারিত হবে। সকাল ১০ টা বেজে ২০ মিনিটে যে সংবাদ প্রচারিত হচ্ছিল তা আগের মতই ১০টা ১০ থেকে ৫টা ২০ থেকে প্রচারিত সংবাদ ৫টা ১০ থেকে এবং ৮টা ২০ থেকে প্রচারিত খেলার খবর পুরানো সময় রাত ৮তা ১০ থেকেই প্রচারিত হবে।

----------------------

সিবিএসই আজ দ্বাদশ এবং দশম শ্রেণীর পরীক্ষার ফল ঘোষণা করেছে। এ

বছর দ্বাদশ শ্রেণীতে পাশের হার ৮৮ দশমিক ৩/৯ শতাংশ, যা গত বছরের তুলনায় ০ দশমিক ৪/১ শতাংশ বেশি।

মেয়েদের পাশের হার প্রায় ৯১ শতাংশ, যা ছেলেদের তুলনায় ৫ দশমিক ৯/৪ শতাংশ বেশি।

তৃতীয় লিঙ্গের পড়ুয়ারা সবাই পাস করেছে। এ বছর মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১৬ লক্ষ ৯২ হাজার ৭৯৪ জন।

এদিকে দশম শ্রেণীর পরীক্ষায় পাশের হার ৯৩ দশমিক ৬/৬ শতাংশ। গত বছরেরে তুলনায় ০ দশমিক ০/৬ শতাংশ বেশি। এখানেও ছেলেদের তুলনায় মেয়েদের পাশের হার ২ দশমিক ৩/৭ শতাংশ বেশি।

এবছর মোট ২৩ লক্ষ ৭২ হাজারের মতো পড়ুয়া এই পরীক্ষায় বসেছিলেন

বিজেপি সিবিএসই দশম এ দ্বাদশ শ্রণীর পরীক্ষায় সফল ছাত্রছাত্রীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছে। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী তথা বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডেলে লেখেন, এই সাফল্য ছাত্রছাত্রীদের একাগ্রতা, পরিশ্রম ও ধৈর্য্যের সঙ্গে অধ্যাবশায়ের প্রতিফলন। নতুন ভারতের পথে দেশের কন্যা সন্তানরা আরও বেশি আত্মবিশ্বাসের সঙ্গে এগিয়ে চলেছে এবং স্বপ্ন সফলভাবে বাস্তবায়িত করছে।

---------------------

বিকাশ ভবনের সামনে চাকরিহারা শিক্ষকদের সঙ্গে আন্দোলনে আজ থেকে যোগ দিলেন চাকরিহারা শিক্ষাকর্মীরাও। চাকরিতে স্থায়ীভাবে পুনর্বহালের দাবিতে আজ শিক্ষা দপ্তরে ডেপুটেশন দিয়েছেন গ্রুপ সি এবং গ্রুপ ডি শিক্ষা কর্মীরা। তাঁদের পক্ষ থেকে বিক্রম পোল্লে জানান, শিক্ষামন্ত্রীর সঙ্গে তাঁরা দেখা করার দাবি জানিয়েছিলেন। তিনি না থাকায় তাঁর সঙ্গে দেখা হয়নি। তবে তারা দপ্তরের এক আধিকারিকের কাছে নিজেদের দাবি সম্বলিত ডেপুটেশন জমা দিয়েছেন তাঁরা। যতদিন না তাদের চাকরিতে পাকাপাকি পুনর্বহাল করা হচ্ছে যতদিন বিকাশ ভবনের সামনে অবস্থান বিক্ষোভ চালিয়ে যাবেন বলে জানিয়েছেন চাকরিহারানো শিক্ষাকর্মীরা।

---------------------

ওয়াকফ আইনের প্রতিবাদে গত ৮ থেকে ১২ ই এপ্রিলে মুর্শিদাবাদে হওয়া বিক্ষোভ আন্দোলনে হিন্দুদের ওপর হামলার ঘটনার তদন্তে সিবিআই অথবা সিট গঠনের জন্য দায়ের হওয়া মামলা সুপ্রিম কোর্ট খারিজ করে দিয়েছে। তবে বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি এন কোটেশ্বর সিং মামলাকারীকে কলকাতা হাইকোর্টে এই নিয়ে মামলা দায়েরের নির্দেশ দিয়েছেন। প্রয়োজনে অনলাইনেও আবেদন জানানো যাবে বলে শীর্ষ আদালাত জানিয়েছে। যেহেতু এই সংক্রান্ত মামলা বর্তমানে কলকাতা হাইকোর্টে

ইতোমধ্যেই বিচারাধীন রয়েছে, তাই এই আবেদন সেখানে জানানোই যথাযথ বলে মত শীর্ষ আদালতের।

----------------------

জাল পাসপোর্ট কান্ডে বিরাটি থেকে ধৃত আজাদ মল্লিকের আবারও ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। আজ ইডি তাকে নগর দায়রা আদালতে পেশ করে জানায়, আজাদের মোবাইল ফোন থেকে ২৬ হাজার অডিও, নৈহাটি ও রাজারহাট বিধানসভা কেন্দ্রের দুটি ভোটার কার্ড এবং দুটি ড্রাইভিং লাইসেন্স উদ্ধার হয়েছে। গত তিন চার বছরে তার তিনটি ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রায় ৫০ কোটি টাকা লেনদেন হয়েছে এবং আজাদের কাছ থেকে প্রচুর জাল ভিসা ও পাসপোর্ট পাওয়া গেছে।

----------------------

বিজেপি নেতা দিলীপ ঘোষের স্ত্রী রিঙ্কু মজুমদারের প্রথম পক্ষের ছেলে প্রীতম দাশগুপ্তের দেহ আজ সাপুরজি আবাসনের একটি ফ্ল্যাট থেকে উদ্ধার হয়েছে। আত্মীয়স্বজন ২৮ বছরের প্রীতমকে হাসপাতালে নিয়ে যাওয়ার পর বেলা ১১ টা নাগাদ পুলিশে খবর দেয়। আর জি কর হাসপাতালে মৃতদেহ ময়নাতদন্তের জন্য নিয়ে যাওয়া হয়। প্রাথমিক রিপোর্টে মৃত্যুর কারণ অ্যাকিউট হেমারেজিক প্যানক্রিয়াটাইটিস বলা হয়েছে।

----------------------

চলতি গ্রীষ্মের মরসুমে প্রবল দাবদাহের মধ্যে পশু পাখীদের শরীর সতেজ রাখতে সব ধরনের ব্যবস্থা নেওয়ার জন্যে রাজ্য সরকার বিভিন্ন চিড়িয়াখানা ও অভয়ারন্য কতৃপক্ষকে নির্দেশ দিয়েছে। পশু পাখিরা যাতে অসুস্থ না হয়ে পড়ে, সেই বিষয়টি নিশ্চিত করা, এই সময় পর্যাপ্ত জলের পাশাপাশি চিকিৎসকদের পরামর্শ মেনে তাদের খাবার তালিকা বদলের কথাও বলা হয়েছে। বন দপ্তরের এই নির্দেশের পরই কলকাতার আলিপুর চিড়িয়াখানায় ভালুক, ক্যাঙারু সহ বেশ কিছু প্রানীর ঘরে এয়ার কুলার বসানো হয়েছে।

উল্লেখ্য রাজ্যে বর্তমানে সাতটি চিড়িয়াখানা ও ১৫টি অভয়ারন্য রয়েছে।

----------------------

দক্ষিণ বঙ্গোপসাগর, নিকোবর দ্বীপপুঞ্জ এবং সংলগ্ন আন্দামান সাগর এলাকায় আজ দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করেছে। আগামী তিন চার দিনের মধ্যে সমগ্র আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ এলাকায় বর্ষা প্রবেশ করবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এদিকে, স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ তৈরি হওয়ায় গতকাল কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় বৃষ্টি হওয়ায় আজ তাপমাত্রা কিছুটা কম।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা সামান্য কম।

আগামী বৃহস্পতিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে গরম ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে।

আজ পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং নদীয়া জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি এবং ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে পারে।

--------------------- ---------------------